



(পশ্চিমবঙ্গ সরকারের অধীনস্থ সংস্থা)

ওয়েস্ট বেঙ্গল স্টেট হ্যান্ডলুম উইভার্স কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড,
“তন্তুজ ভবন”, পি- ১৮/৪ , ব্লক ডিডি, সেক্টর-১, বিধাননগর (সল্টলেক সিটি), কোলকাতা-৭০০ ০৬৪
দুরাভাষ- ০৩৩/২৩৩৪৮৭২৩/২৩৩৪৮৭১৯ ফ্যাক্স - ০৩৩/২৩৩৭০৪২১

বিজ্ঞপ্তি

এতদ্বারা তন্তুজের সদস্য প্রাথমিক হস্ততঁাত তন্তুবায় সমিতি লি: / হস্ততঁাতে যুক্ত স্বনির্ভর গোষ্ঠী / হ্যান্ডলুম ক্লাস্টার কে জানানো যাইতেছে যে, পশ্চিমবঙ্গ সরকারের ত্রাণ দপ্তরে নির্ধারিত মান অনুযায়ী বেডশীট (বিছানার চাদর) এবং তঁাতের শাড়ী তিন আর্থিক বছরে (২০২২-২৩, ২০২৩-২৪ এবং ২০২৪-২৫) সরবরাহের জন্য তন্তুজ সংস্থাকে নির্বাচিত করা হইয়াছে।

এই বিজ্ঞপ্তি সংবাদপত্রে প্রকাশের দিন হইতে ৭ (সাত) দিনের মধ্যে বর্তমান আর্থিক বছরের (২০২২-২৩) জন্য, উপরোক্ত ইচ্ছুক সংস্থার নিকট হইতে উল্লিখিত দ্রব্য (বেডশীট এবং তঁাতের শাড়ী) সরবরাহের জন্য আবেদন পত্র আহ্বান করা হইতেছে। আবেদনকারী সংস্থাকে অবশ্যই তাহাদের চালু তঁাতের সংখ্যা এবং উল্লিখিত দ্রব্য সামগ্রীর মাসিক উৎপাদন ক্ষমতা এলাকার সংশ্লিষ্ট ডেভেলপমেন্ট অফিসার (হ্যান্ডলুম) দ্বারা সুপারিশকৃত হইতে হইবে এবং দ্রব্যসামগ্রী সরবরাহের সময় উৎপাদিত দ্রব্য (শাড়ী ও বেডশীট) উহাদের হস্তচালিত তঁাতে (Handlooms) প্রস্তুত করা হইয়াছে --- এই মর্মে সংশ্লিষ্ট ডেভেলপমেন্ট অফিসার (হ্যান্ডলুম) এর নিকট হইতে একটি সার্টিফিকেট দাখিল করিতে হইবে।

আবেদন পত্র সংশ্লিষ্ট অফিস অফ ডেভেলপমেন্ট অফিসার (হ্যান্ডলুম) অথবা উপরিউক্ত ঠিকানায় জমা দিতে হইবে।

সরবরাহের জন্য উল্লিখিত দ্রব্যের উৎপাদনের জন্য ত্রাণ দপ্তর নির্ধারিত মান (Specification) তন্তুজের এবং অফিস অফ দি ডাইরেক্টরেট অফ হ্যান্ডলুম এন্ড টেক্সটাইল এর website এবং এলাকার সংশ্লিষ্ট অফিস অফ ডেভেলপমেন্ট অফিসার (হ্যান্ডলুম) এর নোটিশ বোর্ড হইতে পাওয়া যাইবে।

তন্তুজের ওয়েব সাইট - www.tantuja.in, e-mail- tantujasarees@gmail.com

ওয়েব সাইট - <https://www.westbengalhandloom.org/html/home.html>
(অফিস অফ দি ডাইরেক্টরেট অফ হ্যান্ডলুম এন্ড টেক্সটাইল)


পরিচালন অধিকর্তা
তন্তুজ